



দুর্বল পররাষ্ট্রনীতির সুযোগে সীমান্তে হত্যাকাণ্ড চালাচ্ছে ভারত: জামায়াত



সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়ার কসবা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি নিহত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

শনিবার (৯ মে) দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে বলেন, শুক্রবার রাতে কসবা উপজেলার গোপীনাথপুর ইউনিয়নের ধজনগরের বাতেনবাড়ি গ্রামের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী মো. মুরসালিন এবং একই ইউনিয়নের মধুপুর গ্রামের নবীর হোসেনকে বিএসএফ গুলি করে হত্যা করেছে। এ ঘটনায় তিনি গভীর উদ্বেগ প্রকাশের পাশাপাশি তীব্র প্রতিবাদ জানান।

বিবৃতিতে নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে তাদের পরিবার ও স্বজনদের প্রতি সমবেদনা জানান তিনি। পাশাপাশি শোকাহত পরিবারগুলোর জন্য ধৈর্য ও শক্তি কামনা করেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, সীমান্তে প্রায়ই বাংলাদেশিদের ওপর গুলি ও হত্যার ঘটনা ঘটছে, যা অত্যন্ত উদ্বেগজনক। সীমান্ত হত্যা শূন্যের কোঠায় নামিয়ে আনার বিষয়ে ভারত একাধিকবার আশ্বাস দিলেও বাস্তবে হত্যাকাণ্ড কমছে না বলে অভিযোগ করেন তিনি। তার দাবি, এসব ঘটনার বিচার না হওয়া এবং সরকারের দুর্বল পররাষ্ট্রনীতির কারণেই বিএসএফ বারবার এমন কর্মকাণ্ড চালানোর সুযোগ পাচ্ছে।

তিনি আরও বলেন, বাংলাদেশের জনগণ সবসময় প্রতিবেশী রাষ্ট্রগুলোর সঙ্গে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক প্রত্যাশা করে। তাই ভারত সরকারকে সীমান্তে প্রাণহানি বন্ধে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান জানান তিনি। একই সঙ্গে মুরসালিন ও নবীর হোসেনসহ সীমান্তে নিহত সব বাংলাদেশির ঘটনার নিরপেক্ষ তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। এ বিষয়ে প্রয়োজনীয় কূটনৈতিক পদক্ষেপ নিতে বাংলাদেশ সরকারের প্রতিও আহ্বান জানায় জামায়াত।